

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৭, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৪ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/ ০২ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ০৭.০০.০০০০.০০০.১৭৪.৩১.০০৪২.২৬-৭৪—সরকার জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত বিশেষ নিরাপত্তা বাহিনী (এসএসএফ)-তে কর্মরত সদস্যগণের অনুকূলে বিশেষ ভাতা এবং উক্ত বাহিনীতে কর্মরত অন্যান্য কর্মচারীগণের অনুকূলে ক্ষতিপূরণ ভাতা হিসাবে ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত টাকার পরিমাণের উপর ২০ (বিশ) শতাংশ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বৃদ্ধি করিল:

শর্তাবলি:

- (ক) ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত বিশেষ ভাতা/ক্ষতিপূরণ ভাতার টাকার পরিমাণের সহিত উক্ত পরিমাণের ২০ (বিশ) শতাংশ যোগ করিয়া যেই পরিমাণ নির্ধারিত হইবে ১ জানুয়ারি ২০২৮ তারিখ হইতে সেই পরিমাণ বিশেষ ভাতা/ক্ষতিপূরণ ভাতা পাইতে থাকিবেন। ৩১ ডিসেম্বর ২০২৭ তারিখ পর্যন্ত জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী নির্ধারিত পরিমাণ বিশেষ ভাতা/ক্ষতিপূরণ ভাতা প্রাপ্য হইবেন;
- (খ) জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুযায়ী মূল বেতনের শতাংশ হিসেবে এই ভাতার হার বা পরিমাণ নির্ধারিত হইবে না; এবং
- (গ) প্রেষণে নিয়োজিত কর্মচারীগণ স্ব-স্ব বাহিনীর জন্য নির্ধারিত ঝুঁকিভাতা, ক্ষতিপূরণ ভাতা, বিশেষ ভাতা বা প্রতিরক্ষা সার্ভিস ভাতা (কেবল প্রযোজ্য ক্ষেত্রে) প্রাপ্য হইবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ ফেরদৌস আলম
যুগ্মসচিব

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৫৩১৭)

মূল্য : টাকা ৪.০০